দৈনিক সংবাদ
তারিখ ... DEC. 1 2 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

## ব্রাহ্মণবাড়িয়া অন্নদা সরকারি উচ্চবিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগের দাবি

ব্রাহ্মণবাড়িয়া অন্নদা সরকারি উচ্চবিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষক ও সহকারি প্রধান শিক্ষক নেই। একজন সহকারী শিক্ষক বিদ্যালয়ের চলতি দায়িত্ব পালন করছেন। একজন সহকারী শিক্ষকের পক্ষে জেলা সদরে অবস্থিত প্রায় ১৬০০ ছাত্রের স্কুলের প্রশাসনিক দায়িত্ব পালন করা কিছুতেই সম্ভব হচ্ছে না। যার পরিণতিতে ২০০০ সালে অনুষ্ঠিতব্য এস এস সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য এবার এই বিদ্যালয়ের পাশ-ফেল সকল ছাত্রকেই নির্বাচিত করা হয়েছে, যা অন্নদা স্কুলের শতবর্ষের ঐতিহ্যকে চিরতরে বিলীন করে দিয়েছে।

নতুন বছর আগত প্রায়। এ মাসেই হয়ত ভর্তি পরীক্ষা শুরু হবে। জেলা সদরে একটি মাত্র সরকারি বালক বিদ্যালয় হওয়ায় অন্নদা সরকারি উচ্চবিদ্যালয়েই ভর্তির চাপ অত্যধিক। অভিভাবকগণ এখন থেকেই উঠেপড়ে লেগেছেন তাদের সন্তানদের ভর্তি করানোর জন্য। এমতাবস্থায় একজন সহকারি শিক্ষকের চলতি দায়িত্ব পালনকালে তার পক্ষে বিভিন্ন দিকের চাপ সহ্য করা কিছুতেই সম্ভবপর নহে। তাই বিভিন্ন শ্রেণীতে ব্যাপক ছাত্র ভর্তির ফলে বিদ্যালয়ের লেখাপড়ার মান তথা মেধাবী ছাত্রদের ভবিষ্যৎ চিরতরে নষ্ট হয়ে যাবে বলে সচেতন অভিজ্ঞ অভিভাবক মহল মনে করছেন। বিদ্যালয়ের এ ক্রান্তিলগ্নে বিদ্যালয়ে প্রধান শিক্ষকনিয়োগের বিষয়টি অধিদপ্তরকে অবহিত করলেও অধিদপ্তর এ বিষয়টির প্রতি কোন গুরুত্ব প্রদান করছেন না। জেলা সদরে অবস্থিত একটি ঐতিহ্যবাহী সরকারি বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষক ও সহকারি প্রধান শিক্ষকের পদ শূন্য পড়ে থাকবে তা এই জেলাবাসী কিছুতেই মেনে নিতে পারছেন না। তাই বিদ্যালয়টিকে ধ্বংসের হাত থেকে রক্ষাকল্পে অতি শিগ্‌গিরই একজন প্রধান শিক্ষক নিয়োগ করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর শুভদৃষ্টি কামনা করছি।

অভিভাবকদের পক্ষে,
মোঃ আবু তৈয়ব,
অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা,
পুনিয়াউট, ব্রাহ্মণবাড়িয়া।